

পরিচয়

2021/TDC/CBCS/ODD/
BNGHCC-302T/363

TDC (CBCS) Odd Semester Exam., 2021
held in March, 2022

BENGALI

(3rd Semester)

Course No. : BNGHCC-302T

(উনিশ শতকের বাংলা কবিতা ও কথাসাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দশটা) : ২×১০=২০

- ১। কোন্ গীতিকবিকে 'ভোরের পাখি' আখ্যায়িত করা হয়? এই উপাধিটি কে দিয়েছিলেন?
- ২। রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।
- ৩। 'হৃদয় সমুদ্র সম' কবিতাটি কার লেখা? এটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

- ৪। 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গের নাম কী? কবি এই সর্গে কার বন্দনা করেছেন?
- ৫। বীরবাহুর মৃত্যু সংবাদ কে বহন করে এনেছিল? বীরবাহুর মায়ের নাম কী?
- ৬। মাইকেল মধুসূদন কাকে 'এ বঙ্গের অলঙ্কার' বলেছিলেন? লক্ষ্যবাসী মেঘনাদের মৃত্যুতে কতদিন শোক পালন করেছিল?
- ৭। বঙ্কিমচন্দ্রের 'রজনী' কত খ্রিস্টাব্দে গ্রন্থাকারে প্রকাশিত হয়? তাঁর রচিত প্রথম উপন্যাসটির নাম কী?
- ৮। বঙ্কিমচন্দ্রের 'রজনী' উপন্যাসটি কোন্ পত্রিকায়, কত খ্রিস্টাব্দে ধারাবাহিকভাবে প্রকাশিত হয়?
- ৯। রজনীর প্রকৃত পিতা এবং পালকপিতার নাম লেখো।
- ১০। তারকনাথ গঙ্গোপাধ্যায়ের 'স্বর্ণলতা' ছাড়া অন্য যে কোনো দুটি উপন্যাসের নাম লেখো।
- ১১। 'স্বর্ণলতা' উপন্যাসটি ধারাবাহিকভাবে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? 'স্বর্ণলতা' উপন্যাসটি কত সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়?
- ১২। 'স্বর্ণলতা' উপন্যাসের প্রথমাংশে কার জীবনকথা বিবৃত হয়েছে এবং দ্বিতীয়াংশে কার জীবনকথায় পূর্ণ?
- ১৩। রবীন্দ্রনাথ রচিত প্রথম দুটি গল্পের নাম উল্লেখ করো।

১৪। 'বিচারক' গল্পের পতিতা রমণীটির নাম কী? এই গল্পটি কয়টি পরিচ্ছেদে বিভক্ত?

১৫। তোমার পাঠ্য কোন্ গল্পে মুসলমান চরিত্র লক্ষিত হয়? সেই চরিত্রটির নাম কী?

SECTION—B

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ১০×৫=৫০

১৬। বিহারীলাল চক্রবর্তীর 'সুরবালা' কবিতাটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

১৭। সার্থক সনেট হিসেবে দেবেন্দ্রনাথ সেনের 'অশোক তরু' কবিতাটি বিচার করো।

১৮। 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গ অবলম্বনে রাবণের চরিত্র-চিত্রণ করো।

১৯। 'মেঘনাদবধ কাব্য'-এর নায়ক কে? রাবণ না মেঘনাদ—আলোচনা করে বুঝিয়ে দাও।

২০। বঙ্কিমচন্দ্রের 'রজনী' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

২১। 'রজনী' বাংলা ভাষার প্রথম মনস্তাত্ত্বিক উপন্যাস—আলোচনা করো।

- ২২। সামাজিক উপন্যাস হিসেবে তারকনাথ গঙ্গোপাধ্যায়ের 'স্বর্ণলতা'র মূল্য নিরূপণ করো।
- ২৩। তারকনাথের 'স্বর্ণলতা' উপন্যাসের নামকরণ সার্থক হয়নি বলে অনেকে মনে করেন। তাঁদের মতে 'সরলা' নামেই একে চিত্রিত করা উচিত ছিল—আলোচনা করো।
- ২৪। ছোটগল্পের নিরিখে রবীন্দ্রনাথের 'দুরাশা' গল্পের সার্থকতা প্রতিপন্ন করো।
- ২৫। রবীন্দ্রনাথের 'আপদ' একটি সার্থক ছোটগল্প—আলোচনা করো।
